দৈনিক বাংলা

তারিখ 14 JAN 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

# ২৮০০ আসনে ২৫০০০ প্রার্থী ঢাকার সরকারী স্কুলে আজ ভর্তি পরীক্ষা

(স্টাফ রিপোর্টার)

রাজধানীর সরকারী স্কুলগুলোতে আজ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। মোট ২৬টি সরকারী স্কুলে দুই হাজার আটশ' আসনের জন্যে ২৫ হাজারেরও বেশি ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষার প্রতিযোগিতায় অংশ নিচ্ছে।

এ বছরে মহানগরীর ২৬টি সরকারী স্কুলে একদিনে একই প্রশ্নপত্রে নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এজন্যে স্কুলসমূহকে ছয়টি জোনে বাগ করা হয়েছে। বালকদের ১৬টি স্কুল নিয়ে চারটি জোন এবং বালিকাদের ১০ টি স্কুল নিয়ে দু'টি জোন গঠন করা হয়েছে।

(৩-এর পৃঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

স্কুলগুলোতে প্রথম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত শূন্য আসনের সংখ্যা ২৮ শ'। এর মধ্যে বালকদের আসন এক হাজার ৬৪০টি। প্রথম শ্রেণীতে ৪৮৭ টি আসনের জন্যে সর্বাধিক প্রায় ছয় হাজার ছাত্র-ছাত্রী ভর্তির পরীক্ষায় অংশ নিচ্ছে।

গত কয়েক বছরের তুলনায় এবার রাজধানীর স্কুলসমূহে ছাত্র ভর্তির চাপ বেশি বলে বিভিন্ন স্কুল কর্তৃপক্ষ জানান।

এদিকে সন্তানদের ভর্তির ব্যাপারে অভিভাবকরা উদ্বেগ-উৎকন্ঠার মাঝে দিন কাটাচ্ছেন। তাদের এখন একটি-মাত্র আকাঙখা সন্তানের জন্যে স্কুলে একটি সীট।